



তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮৮০-২-৫৫০০৬৮৮৫ ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৮৮৭ ই-মেইল: epwdbcc@gmail.com Web: http://epwdict.com

স্মারক নং ৫৬.০১.০০০০.০৩৩.৪৬.০০৫(২).১৭- ১৪৮১ (৫)

তারিখঃ ২১ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি, ২০২২ খ্রিঃ

বিষয়ঃ “তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্পের আওতায় আপনার শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাম্পেইন করার জন্য সহায়তা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের সুরক্ষা ও জীবনমান উন্নয়নে আইন প্রণয়ন, দক্ষতা উন্নয়ন, সামাজিক নিরাপত্তা, কর্মসংস্থানসহ নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। এ পদক্ষেপের অংশ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল “তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।

২। এ প্রকল্পে প্রতিবন্ধী ব্যক্তিদের সার্বিক উন্নয়নে সমাজের বিভিন্ন স্তরে কতিপয় প্রশিক্ষণ অর্ন্তভুক্ত করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইসিটি প্রশিক্ষণ ছাড়াও হেলথ প্রফেশনাল ও কমিউনিটি ডিজ্যাবিলিটি এক্সপার্ট, সরকারি প্রাথমিক শিক্ষকদের ডিজ্যাবিলিটি ওরিয়েন্টেশন প্রশিক্ষণ এবং পিটিআই প্রশিক্ষকদের TOT প্রশিক্ষণ ছাড়াও বিভাগীয় পর্যায়ে সভা/সেমিনার আয়োজন করা হয়ে থাকে। দেশের ৭টি বিভাগীয় শহরে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আঞ্চলিক কার্যালয়ে এ প্রকল্পের আওতায় স্থাপিত “আইসিটি রিসোর্স সেন্টারের” মাধ্যমে মোট ২৮০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করার কাজ প্রায় শেষের পথে। ইতোমধ্যে রাজশাহী বিভাগের বিভিন্ন জেলা থেকে ৪৪০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে এ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। এ প্রকল্পের আওতায় প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে প্রতিবছর জাতীয় যুব আইটি প্রতিযোগিতা আয়োজন করা হয়। জাতীয় আইটি প্রতিযোগিতায় বিজয়ীদের গ্লোবাল আইটি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সহায়তা প্রদান করা হয়। প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রতিবছর চাকুরি মেলা আয়োজন করা হয় এবং যেখানে চাকুরিদাতা প্রতিষ্ঠান তাদের সিভি যাচাই-বাছাই করে সাথে সাথে চাকুরির ব্যবস্থা করেন। এছাড়াও প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যবহার উপযোগী সফটওয়্যার “ইমপোরিয়া” উন্নয়ন করা হয়েছে যেখানে ই-লার্নিং ও জব পোর্টাল আছে যার মাধ্যমে তারা নিজেদের দক্ষতা বৃদ্ধি করতে পারবে এবং সে অনুযায়ী চাকুরি খুঁজে নিতে পারবেন।

৪। এমতাবস্থায়, প্রতিবন্ধী ব্যক্তিদের বিনা ফি-তে কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণের সুযোগসহ আইসিটি বিভাগের পক্ষ থেকে গৃহীত বিভিন্ন উদ্যোগ আপনার স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানের আগ্রহী ছাত্র/ছাত্রীদের মাঝে ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে আমরা আপনার শিক্ষা প্রতিষ্ঠানে আপনার সুবিধাজনক সময়ে ক্যাম্পেইন করতে আগ্রহী। এ বিষয়ে মহোদয়ের সহযোগিতা বিশেষভাবে আশা করছি।

মোহাম্মদ মনোয়ার উজ্জামান
প্রকল্প পরিচালক (উপসচিব)

অধ্যক্ষ
সরকারি বুলবুল কলেজ
পাবনা।

বিতরণঃ

১। সেন্টার ইনচার্জ/ আঞ্চলিক পরিচালক, রাজশাহী আঞ্চলিক কার্যালয়, বিসিসি। সুষ্ঠুভাবে ক্যাম্পেইন আয়োজনের জন্য প্রয়োজনীয় যোগাযোগের অনুরোধ করা হলো।